



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

জরুরি বিজ্ঞপ্তি

নং- ৬৪/জেএসসি/এসএসসি রেজিঃ ও পরীঃ/২৪১

তারিখ : ২৫/০২/২০১৯

বিষয় : ২০১৯ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (eSIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সকল অধ্যক্ষ/প্রধান শিক্ষককে উপর্যুক্ত বিষয়ে নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

- ১। জেএসসি পরীক্ষা পরিচালনা নীতিমালার ১(খ) ধারা অনুযায়ী পরীক্ষা বছরের ১ জানুয়ারী পরীক্ষার্থীর নূন্যতম বয়স ১১+ এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ১৭ বছর;
 - ২। ইন্টারমিডিয়েট এন্ড সেকেন্ডারি এডুকেশন অর্ডিন্যান্স ১৯৬১ (১৯৬১ সনের ৩৩নং আইন)-এর ৩৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/০৪/১৯৯৭ তারিখের শিম/শাঃ১১/বিবিধ-৩৯/৯৬/২৩০/(৬০০) নং স্মারকে জারিকৃত বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মাদরাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক পাঠদানের অনুমতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীরা নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশনের সুযোগ পাবে;
 - ৩। বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠান শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করাতে পারবে না;
 - ৪। ঢাকা বোর্ডের ওয়েবসাইটে OEMS/eSIF বাটনে ক্লিক করে EIIN ও Password দিয়ে লগইন (Login) করলে Dashboard থেকে eSIF JSC-তে ক্লিক করলে Payable Fees of JSC 2019 Registration-এ Applicant name, Mobile no. এবং Number of Student দিয়ে Print Sonali Seba-এ ক্লিক করে সোনালী সেবার স্লিপটি প্রিন্ট করতে হবে (বিঃ দ্রঃ- ফরমটি কোনভাবেই ফটোকপি করে ব্যাংকে জমা দেয়া যাবে না);
- ব্যাংকে ২৪ ঘন্টার মধ্যে পেমেন্ট ক্রিয়ার করলে নির্ধারণকৃত শিক্ষার্থীদের eSIF পূরণ করা যাবে। পেমেন্ট ক্রিয়ারের পরে নির্ধারিত সময়ের মধ্যে পুনরায় সোনালী সেবার স্লিপ বের করা যাবে;
- ৫। ফি জমাদান ও eSIF পূরণের তারিখ : জরিমানা ছাড়া ২৬শে ফেব্রুয়ারি ২০১৯ থেকে ১৪ই মার্চ ২০১৯ পর্যন্ত এবং জরিমানাসহ ১৮ই মার্চ ২০১৯ থেকে ৩১ই মার্চ ২০১৯ পর্যন্ত;

জনপ্রতি রেজিস্ট্রেশন ও অন্য ফি নিম্নরূপ :

| রেজিস্ট্রেশন ফি (টাকায়) | রেডক্রিসেন্ট ফি (টাকায়) | জরিমানা (টাকায়) | মোট জরিমানাসহ (টাকায়) | মোট জরিমানা ছাড়া (টাকায়) |
|-----------------------------|-----------------------------|---------------------|---------------------------|-------------------------------|
| ৫০/- | ১০/- | ৫০/- | ১১০/- | ৬০/- |

- ৬। ২০১৮ সনে রেজিস্ট্রেশনকৃত অনুলীর্ণ শিক্ষার্থীদের পুনরায় রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই;
- ৭। ছাত্র-ছাত্রীর পিতা ও মাতার নামের পূর্বে Mr., Mrs., Late, Major, Colonel, Brigadier, Dr. ইত্যাদি এবং নামের শেষে পদবি ছাড়া MA, BA, FRCS ইত্যাদি ব্যবহার করা যাবে না;
- ৮। শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর তাদের তথ্যের পাশে নিজ নিজ স্বাক্ষর করা চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে;

পাতা- ২

- ৯। নতুন পাঠদানের অনুমতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের (সে সকল প্রতিষ্ঠান ইতিপূর্বে নিজ নামে জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি) সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা জমা দিয়ে বিদ্যালয় শাখার মাধ্যমে Login Password সংগ্রহ করবে।
- ১০। উপরোক্ত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা একারণে শিক্ষার্থীর কোনো সমস্যা হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর প্রীতিশকুমার সরকার

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

ফোন : ৫৮৬১০০৬৯

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

মেমো নং- ২৪১(৭)

তারিখ : ২৫/০২/২০১৯

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :


- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৩। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৪। উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। পিএস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৭। অফিস কপি।


২৫/০২/১৯

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা


২৫/০২/১৯